

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০০৮.৯৯.০০২.১৬-৮৭৬


তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ ১৪২৬
১৩ জুন ২০১৯

বিষয় : ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক গৃহিত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক গৃহিত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে গত ১০-০৬-২০১৯ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণীর ছায়ািলিপি এতদসঙ্গে প্রেরণপূর্বক কার্যবিবরণীতে উল্লিখিত পর্যবেক্ষণ/নির্দেশনাসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০২. কার্যবিবরণীতে উল্লিখিত পর্যবেক্ষণ/নির্দেশনাসমূহ বাস্তবায়ন করে এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান বরাবর প্রতিবেদন প্রেরণের জন্যও অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে।



(মোহাঃ লিযাকত আলী খান)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৮৪১২৮

ই-মেইল: sasadmin@rthd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৩। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা।
- ০৪। চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
- ০৫। চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, নতুন বিমান বন্দর সড়ক, বানানী, ঢাকা।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।
- ০৭। যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ০৯। উপসচিব (সকল)/উপপ্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার/প্রোগ্রামার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১২। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান/সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১৩। উপপ্রধান তথ্য অফিসার/মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৫। সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ১৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

ঈদ-উল ফিতর উপলক্ষে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক গৃহিত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি:	জনাব ওবায়দুল কাদের এম পি মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
তারিখ:	১০.০৬.২০১৯ খ্রিঃ
সময়:	১১.৩০ মিনিট
স্থান:	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি:	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের কর্মকর্তাবৃন্দ এবং আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের প্রধান/প্রতিনিধিবৃন্দ

সভার শুরুতে মাননীয় মন্ত্রী উপস্থিত সকলকে ঈদ-উল-ফিতর এর শুভেচ্ছা জানান। এ পর্যায়ে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ জনাব মোঃ নজরুল ইসলাম মাননীয় মন্ত্রীকেও ঈদের শুভেচ্ছা জ্ঞাপন করে তাঁর সদয় নির্দেশনা অনুযায়ী বিগত বছরসমূহের ন্যায় ঈদের ছুটিতে জনসাধারণের যাতায়াত নির্বিঘ্ন করার জন্য গৃহীত পদক্ষেপসমূহ এবং এর সুফল সংক্ষেপে বর্ণনা করেন। তিনি বলেন, এবার এগারো দিনব্যাপী এ বিভাগের উদ্যোগে বিআরটিএ'র প্রধান কার্যালয়ে কন্ট্রোল রুমের কার্যক্রম পরিচালিত হয়েছে। কন্ট্রোল রুমে প্রাপ্ত যাত্রীদের অসুবিধাসমূহ তাৎক্ষণিকভাবে সমাধানের পাশাপাশি বর্ধিত ভাড়া আদায়ের অভিযোগের প্রেক্ষিতে সংশ্লিষ্ট পরিবহন যান পরিচালনাকারীর বিরুদ্ধে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে জরিমানা আরোপ করা হয়েছে। এছাড়া অতিরিক্ত ভাড়া ফেরত দেয়ারও ব্যবস্থা নেয়া হয়েছে।

২.০ মাননীয় মন্ত্রী ঈদ উপলক্ষে বিভিন্ন পদক্ষেপ গ্রহণের ফলে সড়ক পথে যাত্রী সাধারণের যাতায়াত নির্বিঘ্ন হওয়ায় এ ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন, বিগত ২৫ মে তারিখে ঈদ উপহার হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী ঢাকা-চট্টগ্রাম জাতীয় মহাসড়কে ২য় মেঘনা সেতু ও ২য় গোমতী সেতুসহ গাজীপুর-চন্দ্রা-টাঙ্গাইল জাতীয় মহাসড়ককাংশে বেশকিছু ফ্লাইওভার, সেতু ও আন্ডারপাস উদ্বোধন করেন। ফলে ঐ দু'টি মহাসড়কে যানজট হ্রাস পেয়েছে এবং যাতায়াতকারী যাত্রী সাধারণ দীর্ঘদিনের ভোগান্তি থেকে মুক্তি পেয়েছেন। সম্প্রতি সংঘটিত সড়ক দুর্ঘটনার প্রকৃতি ও পরিসংখ্যান উদ্ধৃত করে তিনি বলেন, সিংহভাগ দুর্ঘটনায় আহত ও নিহত ব্যক্তির মটরসাইকেল, ইজি বাইক, লেগুনার যাত্রী ছিলেন। মহাসড়কে চলাচল অনুপযোগী এ ধরনের বাহনগুলো কার্যকরভাবে নিয়ন্ত্রণের জন্য মাননীয় মন্ত্রী একটি নীতিমালা প্রণয়নের জন্য চেয়ারম্যান, বিআরটিএ'র বক্তব্য শোনে এবং এতদবিষয়ে উপস্থিত কর্মকর্তারাও আলোচনায় অংশ নেন। প্রাসঙ্গিক অন্যান্য আলোচনার মধ্যে সুনির্দিষ্টভাবে ফায়ার সার্ভিস ও এম্বুলেন্সকে টোলের আওতামুক্ত রাখা এবং বিগত ফেব্রুয়ারি/২০১৮ মাসে মন্ত্রিসভা বৈঠকে অনুমোদিত রাইড শেয়ারিং সার্ভিস নীতিমালা অনুযায়ী কার্যকর পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। এ প্রসঙ্গে সচিব জানান যে, সংশ্লিষ্ট সকলের সাথে মন্ত্রণালয়ে সভা করে এ বিষয়ে ত্বরিত কার্যক্রম গ্রহণের জন্য বিআরটিএ-কে নির্দেশ দেয়া হয়েছে। চেয়ারম্যান, বিআরটিএ জানান পুলিশের ৯৯৯ নম্বরের হেল্প ডেস্ক বিষয়টির সুরাহা না হওয়ায় কার্যক্রম গ্রহণে বিলম্ব হচ্ছে। মাননীয় মন্ত্রী ঢাকা মহানগরীতে যানজট নিরসণে কার্যকর পদক্ষেপ গ্রহণ, জাতীয় মহাসড়কের ক্ষয়-ক্ষতি রোধে এক্সেল লোড নিয়ন্ত্রণ, কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ প্রশস্ত করার পাশাপাশি এ সড়কে পর্যটন বাস্কব লাইটিং এর ব্যবস্থা সংযোজন, দীর্ঘসূত্রিতা কাটিয়ে ঢাকা-সিলেট জাতীয় মহাসড়ককে ৪-লেনে উন্নীতকরণ কাজ ত্বরান্বিত করার ওপর গুরুত্ব আরোপ করেন। সংশ্লিষ্ট ইস্যুতে এ বিভাগ এবং দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ হাল-নাগাদ তথ্য মাননীয় মন্ত্রীকে অবহিত করার পাশাপাশি পরবর্তী করণীয় বিষয়েও মতামতসহ প্রস্তাব রাখেন।

৯২

মাননীয় মন্ত্রী সার্বিক পরিস্থিতি সম্যকভাবে অবহিত হন এবং প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন। এ সময় সুনির্দিষ্ট কিছু সিদ্ধান্ত গ্রহণসহ মহানগরীর যানজট নিরসণে ডিটিসিএ-কে অবিলম্বে সভা আহ্বানসহ সংশ্লিষ্ট কমিটিতে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ ও মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-কে অন্তর্ভুক্ত করার পরামর্শ দেন। তিনি যাত্রি হ্রাসের রোধে রাইড শেয়ারিং সার্ভিসে ভ্রমণের দূরত্ব অনুযায়ী ভাড়ার সর্বোচ্চ সিলিং নির্ধারণ করা জরুরি বলে উল্লেখ করেন। এছাড়াও সড়ক পরিবহন আইন, ২০১৮ এর অধীন দ্রুত বিধি প্রণয়ন, টোল প্লাজায় এ্যাপস্ ভিত্তিক ইলেকট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবহার বৃদ্ধির জন্য প্রচারণার উপর গুরুত্বারোপ করেন।

৩.০ বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত পর্যবেক্ষণ/নির্দেশনাসমূহ প্রদান করা হয়ঃ

- ৩.১ ইজিবাইক, নসিমন, করিমন, লেগুনা বা ব্যাটারি চালিত এ ধরনের ছোট যানসমূহ নিয়ন্ত্রণের জন্য জরুরি ভিত্তিতে বিআরটিএ এবং পরিবহন বিশেষজ্ঞ ব্যক্তিবর্গের সাথে পর্যালোচনাক্রমে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ একটি নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করবে এবং এক মাসের মধ্যে নীতিমালার খসড়া প্রণয়ন সম্পন্ন করবে; কার্যক্রম গ্রহণে- সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৩.২ মহাসড়কে ফায়ার সার্ভিসে ব্যবহৃত অগ্নি নির্বাপণ যানবাহনের পাশাপাশি রোগী বহনকারি এ্যাম্বুলেন্স টোলের আওতামুক্ত রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে; কার্যক্রম গ্রহণে- প্রধান প্রকৌশলী, সওজ।
- ৩.৩ রাইড শেয়ারিং সার্ভিসে ব্যবহৃত মটরযানে ৯৯৯ ফোন নম্বর ব্যবহারের বিষয়টি শর্তযুক্ত করে আগামী ০১.০৭.২০১৯ হতে বিআরটিএ কর্তৃক রাইড শেয়ারিং কোম্পানিসমূহকে লাইসেন্স প্রদান করতে হবে এবং রাইড শেয়ারিং সার্ভিসে ভ্রমণের দূরত্ব অনুযায়ী সর্বোচ্চ ভাড়া নির্ধারণ করে দিতে হবে; কার্যক্রম গ্রহণে- চেয়ারম্যান, বিআরটিএ।
- ৩.৪ ঢাকা মহানগরীর যানজট নিরসণ ও পরিবহন ব্যবস্থার উন্নয়ন সংক্রান্ত কমিটির কার্যক্রম আরও শক্তিশালী করার নিমিত্ত কমিটিতে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ ও মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-কে ডিটিসিএ'র বোর্ডে অন্তর্ভুক্ত করতে হবে। ঢাকা মহানগরীসহ ডিটিসিএভুক্ত এলাকার যানজট নিরসণে জরুরি পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে ডিটিসিএ আগামী ১৬.০৬.২০১৯ তারিখ এ সংক্রান্ত কমিটির সভা আহ্বান করবে; কার্যক্রম গ্রহণে- নির্বাহী পরিচালক, ডিটিসিএ।
- ৩.৫ অতিরিক্ত ওজনবাহী যানবাহন চলাচলের প্রেক্ষিতে মহাসড়কের অকাল ক্ষয়-ক্ষতি রোধ করে এর স্থায়িত্ব বৃদ্ধির জন্য পরিকল্পনাধীন এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপনের প্রস্তাব সম্বলিত প্রকল্প অনুমোদন ও বাস্তবায়ন কাজ দ্রুত করতে হবে; কার্যক্রম গ্রহণে- প্রধান প্রকৌশলী, সওজ।
- ৩.৬ কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ সড়কের প্রশস্ততা বৃদ্ধি করতে হবে এবং এ সড়কে লাইটিং এর ব্যবস্থা সংযোজনের নিমিত্ত প্রকল্প কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করে পর্যটন বান্ধব করতে হবে; কার্যক্রম গ্রহণে- প্রধান প্রকৌশলী, সওজ।
- ৩.৭ দীর্ঘসূত্রিতা কাটিয়ে অবিলম্বে চট্টগ্রাম-কক্সবাজার এবং ঢাকা-সিলেট জাতীয় মহাসড়ককে ৪-লেনে উন্নীতকরণের কাজ ত্বরান্বিত করতে হবে; কার্যক্রম গ্রহণে- প্রধান প্রকৌশলী, সওজ।
- ৩.৮ পরিবহন সেক্টরে শৃঙ্খলা আনয়নের লক্ষ্যে প্রণীত সড়ক পরিবহন আইন, ২০১৮ কার্যকর করার নিমিত্ত এ আইনের অধীন দ্রুত বিধি প্রণয়নের কাজ সম্পন্ন করতে হবে; কার্যক্রম গ্রহণে- চেয়ারম্যান, বিআরটিএ।
- ৩.৯ দাউদকান্দি টোল প্লাজায় স্থাপিত এ্যাপস্ ভিত্তিক ইলেকট্রনিক টোল কালেকশন (ETC) এর ব্যবহার জনপ্রিয় করার লক্ষ্যে প্রচারণার ওপর গুরুত্বারোপ করতে হবে। এছাড়াও যে সকল টোল ব্রিজে এ্যাপস্ ভিত্তিক ইলেকট্রনিক টোল কালেকশন সংস্থাপন করা সম্ভব সেগুলোতে ব্যবস্থাটি চালু করার উদ্যোগ গ্রহণ করতে হবে। কার্যক্রম গ্রহণে- প্রধান প্রকৌশলী, সওজ।

৪.০ প্রদত্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের নিমিত্ত দ্রুততার সাথে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জ্ঞাপন করা মধ্য দিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ওবায়দুল কাদের এম পি)

মন্ত্রী

